



রোহিঙ্গা সংকট বিশ্ব অগ্রাধিকারে রাখার আহ্বান স্বরাষ্ট্রমন্ত্রীর



ছবি: সংগৃহীত

রোহিঙ্গা সংকটকে আন্তর্জাতিক অগ্রাধিকারের তালিকায় রাখার আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, ঘনবসতিপূর্ণ দেশ হওয়া সত্ত্বেও বাংলাদেশ মানবিক কারণে বিপুলসংখ্যক রোহিঙ্গাকে আশ্রয় দিয়েছে। তবে সাম্প্রতিক সময়ে আন্তর্জাতিক সহায়তা কমে যাওয়ায় পরিস্থিতি নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে। মঙ্গলবার (৫ মে) সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা ইউএনএইচসিআর-এর বাংলাদেশ প্রতিনিধি ইভো ফেইসেন সৌজন্য সাক্ষাৎ করেন। বৈঠকে রোহিঙ্গা সংকট, অর্থায়ন পরিস্থিতি এবং প্রত্যাবাসনের অগ্রগতি নিয়ে আলোচনা হয়।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, কিছু দাতা দেশের সহায়তা, বিশেষ করে যুক্তরাষ্ট্রের অর্থায়ন প্রায় অর্ধেকে নেমে এসেছে। এ অবস্থায় শরণার্থীদের ন্যূনতম জীবনমান বজায় রাখতে আন্তর্জাতিক সহায়তা আরও বাড়ানো প্রয়োজন বলে তিনি মত দেন।

ইউএনএইচসিআর প্রতিনিধি বলেন, ক্যাম্প এলাকায় সীমিত জায়গা ও জনসংখ্যার চাপের কারণে রোহিঙ্গারা কঠিন পরিস্থিতির মধ্যে রয়েছে। তিনি এ সংকট মোকাবেলায় সমন্বিত আন্তর্জাতিক উদ্যোগের ওপর জোর দেন।

জবাবে মন্ত্রী বলেন, বাংলাদেশের ভৌগোলিক সীমাবদ্ধতায় ক্যাম্প সম্প্রসারণ সম্ভব নয়। টেকসই সমাধান হিসেবে তিনি রোহিঙ্গাদের নিরাপদ, স্বেচ্ছা ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের ওপর গুরুত্বারোপ করেন।

তিনি আরও বলেন, গাজা সংকট, ইউক্রেন যুদ্ধ ও অন্যান্য বৈশ্বিক উত্তেজনার মধ্যে রোহিঙ্গা ইস্যু যেন আন্তর্জাতিক মনোযোগ হারিয়ে না ফেলে, সে বিষয়ে জাতিসংঘ ও সংশ্লিষ্ট সংস্থাগুলোর আরও সক্রিয় ভূমিকা দরকার।

বৈঠকে আসন্ন ২০ মে অনুষ্ঠিতব্য রোহিঙ্গা বিষয়ক জয়েন্ট রেসপন্স প্ল্যান (জেআরপি) ইভেন্টে মন্ত্রীকে আমন্ত্রণ জানানো হয়। শুরুতে ইউএনএইচসিআর প্রতিনিধি নতুন দায়িত্ব গ্রহণের জন্য মন্ত্রীকে শুভেচ্ছা জানান।